খবরে মেহেরপুরে নতুন ৯ জন কভিড-১৯ পজেটিভ

মাস্ক পরি থুতনিতে
পকেটের ভাঁজে,
ঠোঁটে ঘা,নাক ব্যথা
আহা মরি লাজে!

মরণ’তো হবে,তাই-
যা আছে কপালে,
বেশামাল করোনার
দুই হাত গালে!

করোনাতে বাঙালির
মনে বেশি লজ্জা,
চলছে আগের মতো
ছোটাছুটি সজ্জা!

খবরঃ গাংনীতে সম্পত্তির লোভে বৃদ্ধা মাকে আটকে রাখার অভিযোগ!

হায় দরদী মা’রে আমার
কপালটা তোর পোড়া,
খুব সোহাগের মেয়ে দু’টোই
পাক্কা বদের গোড়া!

একটু ভালো বাসতো জানি সেটা লোভে মোড়া,

খুব সোহাগের মেয়ে’রে তোর
পাক্কা বদের গোড়া!

কোলে বুকেই করলি মানুষ
হারামী এক জোড়া?
খুব সোহাগের মেয়ে’রে তোর
পাক্কা বদের গোড়া!

খবরঃ সময়মতো আন্দোলনের ডাক দেবে বিএনপি;মির্জা ফকরুল।

তাও বেশ ভালো–
ক্যামেরার কাছে গিয়ে
দুই ঠোঁটে ঠোঁট দিয়ে
কথার তুবড়ি নিয়ে
জ্বালিয়েছো আলো।
তাও বেশ ভালো!

তাও বেশ ভালো –
দল’তো টেকাতে হবে
বিএনপি বেঁচে রবে
তলে তলে তেলবাজি?
ঘুঁচে যাবে কালো?
তাও বেশ ভালো!